

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ

পরিচালন বাজেটে "মেরামত ও সংরক্ষণ খাত"-এর আওতায়

# ইউনিয়ন পরিষদ ভবন

# মেরামত ও সংরক্ষণ কাজ বাস্তবায়ন নির্দেশিকা

# স্থানীয় সরকার বিভাগ

## জুলাই ২০২১

## ইউনিয়ন পরিষদ ভবন মেরামত ও সংরক্ষণ কাজ বাস্তবায়ন নির্দেশিকা

সরকার তৃণমূল পর্যায়ে সাধারণ জনগণকে ইউনিয়ন পরিষদের মাধ্যমে সরকারী বেসরকারী সকল ধরণের সেবা প্রদানের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ সমূহকে One Stop Service এর কেন্দ্র বিন্দু হিসেবে গড়ে তোলার লক্ষ্যে প্রতিটি ইউনিয়ন পরিষদে কমপ্লেক্স ভবন নির্মাণ করছে। ইতোপূর্বে নির্মিত অনেক ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন যথাযথ রক্ষণাবেক্ষণের অভাবে জরাজীর্ণ হয়ে পড়েছে। বর্তমানে যে সকল ভবন ব্যবহার উপযোগী রয়েছে সেগুলিও নিয়মিত রক্ষণাবেক্ষণ না করলে ভবিষ্যতে বড় ধরণের মেরামত ও সংস্কারের প্রয়োজন হবে। এতে সরকারের বিপুল পরিমাণ অর্থেরও প্রয়োজন হবে। সে প্রেক্ষিতে ভবনগুলোর নিয়মিত রক্ষণাবেক্ষণ অতীব জরুরি। বর্ণিত প্রেক্ষাপটে ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নিয়মিত রক্ষণাবেক্ষণ ও মেরামতের ক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগের পরিচালন বাজেট এর ইউনিয়ন পরিষদ (১৪৭০০০০০০) এ "পণ্য ও সেবা বাবদ সহায়তা" (৩৬৩১১০৩) এর বরাদ্দের আওতায় নিম্নলিখিত নির্দেশনা অনুসরণ করে মেরামত/সংস্কার নিশ্চিত করতে হবে।

**(ক) চাহিদা নিরুপন ও অগ্রাধিকার তালিকা প্রণয়ন:**

১। ইউনিয়ন পরিষদ ভবন মেরামতের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের সমন্বয় সভার রেজুলেশনসহ প্রাথমিক চাহিদা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ২৮ ফেব্রুয়ারির মধ্যে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করবেন। উপজেলা নির্বাহী অফিসার উপজেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদ হতে প্রাপ্ত ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন মেরামত-সংস্কারের প্রস্তাবসমূহ প্রাক্কলন প্রস্তুতের জন্য উপজেলা প্রকৌশলীর নিকট প্রেরণ করবেন।

২। উপজেলা প্রকৌশলী বা তাঁর প্রতিনিধি (উপজেলা সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী বা সম-মর্যাদার কর্মকর্তা) ইউনিয়ন পরিষদের মালিকানাধীন ভবনসমূহ সরেজমিনে পরিদর্শন করে সংযুক্ত ছক-১ অনুযায়ী মেরামত ও রক্ষণাবেক্ষণের আনুমানিক চাহিদা নিরুপন (প্রাক্কলন প্রস্তুত) করবেন। মেরামত ও রক্ষনাবেক্ষণের চাহিদা নিরুপনের ক্ষেত্রে বিবেচ্য বিষয়সমূহ হলো: ভবনের নির্মাণ বছর , বর্তমান অবস্থা, ছাদ দিয়ে পানি পড়া, ছাদে পানি জমে থাকা, ছাদের আস্তরন খসে পড়া, মেঝে বসে যাওয়া, পয়:নিস্কাশন ব্যবস্থা, পানি সরবরাহ ব্যবস্থা, বিদ্যুৎ সঞ্চালন সংক্রান্ত অন্যান্য বিষয়াদি, প্লাষ্টার ও রং উঠে যাওয়া, দরজা/জানালা ভেঙে যাওয়া, টয়লেটের অবস্থা ইত্যাদি।

৩। ইউনিয়ন পরিষদের মালিকানাধীন নয় বা বিভিন্ন বিভাগ, মন্ত্রণালয় কর্তৃক নির্মিত ও ব্যবহৃত ভবন এরুপ মেরামত ও সংস্কারের আওতাভুক্ত হবে না।

৪। ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন মেরামতের জন্য অগ্রাধিকার তালিকা প্রস্তুতের সময় ভবনের স্থায়ীত্ব বৃদ্ধির প্রয়োজনীয় আইটেমের কাজকে প্রাধিকার দিতে হবে এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রস্তাবিত ভবনের বর্তমান অবস্থা ও বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে সরকারি পরিচালন বাজেটের আওতায় প্রাপ্ত তহবিল/নিজস্ব তহবিল বা অন্য কোন তহবিলের আওতায় মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ না হয়ে থাকলে তা বিবেচনা করতে হবে।

৫। গুরুত্বপূর্ণ অংগসমূহ বিবেচনায় নিয়ে মেরামতে সরকারি পরিচালন বাজেটের আওতায় প্রাপ্ত তহবিল/নিজস্ব তহবিল বা অন্য কোন তহবিলের জন্য ইউনিয়ন পরিষদের ভবনের ক্ষেত্রে সর্বোচ্চ ১০,০০,০০০ (দশ লক্ষ) টাকার মধ্যে চাহিদা নিরুপন করতে হবে। এর থেকে বেশি অর্থের প্রয়োজন হলে স্থানীয় সরকার বিভাগের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।

**(খ) প্রাক্কলন প্রস্তুত ও অনুমোদন :**

উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রাক্কলন প্রস্তুতের সময় নিম্নলিখিত বিষয়াদি বিবেচনা করতে হবেঃ

১. ইউনিয়ন পরিষদের বিদ্যমান ভবনের ব্যত্যয় ঘটিয়ে বা ডিজাইন পরিবর্তন করে কোন ভবনের উর্ধ্ব বা পার্শ্বমুখী সম্প্রসারণ কাজ প্রাক্কলনে অন্তর্ভুক্ত করা যাবে না। তবে বাস্তবতার নিরিখে বিশেষ ক্ষেত্রে মন্ত্রণালয়ের অনুমোদন নিয়ে কাজ করা যেতে পারে।

২. প্রতিটি প্রাক্কলনের সাথে কারিগরি প্রতিবেদন, সাইট প্লান ও এর স্বপক্ষে প্রয়োজনীয় রঙিন ছবি সংযুক্ত করতে হবে।

৩. প্রতিটি ভবনের প্রাক্কলনে অঙ্গভিত্তিক কাজের বিবরণ (যেমনঃ Civil work, Sanitary work, Water Supply and Plumbing work, Electrical work etc) এবং প্রতিটি কাজের সুনির্দিষ্ট অবস্থান (Location) উল্লেখ করতে হবে।

৪. প্রাক্কলন এমনভাবে প্রস্তুত করতে হবে যেন কোন ভবনের সমুদয় কাজ একই চুক্তিতে বাস্তবায়ন করা যায় এবং প্রস্তাবিত মেরামত কাজ বাস্তবায়নের পরবর্তী ৪ (চার) বছরের মধ্যে বিশেষ কোন কারণ ছাড়া ঐ ভবনের কোনরূপ মেরামতের প্রয়োজন না হয়।

৫. প্রাক্কলনের সাথে প্রতিটি ভবনের নির্মাণ বছর, এ যাবৎ বাস্তবায়িত মেরামত ও সংরক্ষণ কাজ বিগত ৫ (পাঁচ) বছরে সরকারি পরিচালন বাজেটের আওতায় প্রাপ্ত তহবিল/নিজস্ব তহবিল বা অন্য কোন তহবিলের অর্থায়নে সম্পাদিত কাজের বিবরণ ইত্যাদি) এর সংক্ষিপ্ত বিবরণ সম্বলিত কারিগরি প্রতিবেদন সংযুক্ত করতে হবে।

৬. **সব ধরনের কাজের ও তহবিলের দ্বৈততা পরিহার করতে হবে। এলজিইডি'র হালনাগাদ Rate Schedule এবং Software অনুসরণ করে সংস্কার কাজের প্রাক্কলন প্রস্তুত করতে হবে।**

৭. উপজেলা প্রকৌশলী বিস্তারিত প্রাক্কলন প্রস্তুতপূর্বক (কারিগরি প্রতিবেদন, ডিজাইন, ড্রইংসহ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদসমূহের তালিকা ৩০ মার্চ এর মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের নিকট দাখিল করবেন। উপজেলা নির্বাহী অফিসার উপজেলা প্রকৌশলীর সাথে আলোচনাক্রমে বাস্তব অবস্থা বিবেচনায় প্রাপ্ত প্রস্তাব সমূহের মধ্য থেকে অগ্রাধিকার তালিকা প্রস্তুত করবেন এবং তা উপজেলা পরিষদের সমন্বয় সভায় উত্থাপন ও অনুমোদন গ্রহণ করবেন। উপজেলা নির্বাহী অফিসার ৩০ এপ্রিলের মধ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট প্রেরণ করবেন। জেলা প্রশাসকগণ তাদের জেলার আওতাধীন উপজেলাসমূহ হতে প্রাপ্ত ইউনিয়ন পরিষদের সংস্কার কাজের তালিকা সুপারিশসহ ৩১ মে এর মধ্যে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করবেন।

**৮. সারাদেশ থেকে তালিকা পাওয়ার পর স্থানীয় সরকার বিভাগ, চাহিদা, কাজের ধরণ ও গুরুত্ব বিবেচনায় বাজেট সংকুলান সাপেক্ষে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ৩১ আগস্ট এর মধ্যে বরাদ্দ প্রদান করবে।**

**(গ) দরপত্র আহ্বান, মূল্যায়ণ ও অনুমোদন ঃ**

১. বরাদ্দ প্রাপ্তির পর সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলী পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (সংশোধনীসহ) এবং প্রচলিত বিধি-বিধান অনুসরণ করে উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত রেখে দরপত্র আহ্বান, মূল্যায়ণ এবং অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করবেন।

২. সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলী স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় হতে বরাদ্দ প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত সময়ের মধ্যে দরপত্র আহ্বান করবেন। উপজেলা পর্যায়ে গঠিত দরপত্র উন্মুক্ত কমিটি কর্তৃক দরপত্র উন্মুক্ত এবং দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক দরপত্র মূল্যায়ন করে মূল্যায়ন প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসার বরাবরে দাখিল করবেন।

৩. উপজেলা পর্যায়ে দরপত্র উন্মুক্তকরণ কমিটি নিম্নরূপভাবে গঠিত হবে:

| | | | |
|---|---|---|---|
| ১। | উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | - | আহবায়ক |
| ২। | সহকারী/উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | - | সদস্য |
| ৩। | উপসহকারী প্রকৌশলী, এলজিএডি | - | সদস্য-সচিব |

৪. উপজেলা পর্যায়ে দরপত্র মূল্যায়ণ কমিটি নিম্নরূপভাবে গঠিত হবে:

| | | | |
|---|---|---|---|
| ১। | সহকারী কমিশনার (ভূমি) | - | আহবায়ক |
| ২। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | - | সদস্য |
| ৩। | সহকারী/উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | - | সদস্য |
| ৪। | উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | - | সদস্য সচিব |

দরপত্র মূল্যায়ণ কমিটি, দরপত্রসমূহ মূল্যায়ণপূর্বক ঠিকাদার নির্বাচনের প্রস্তাবনা অনুমোদনের নিমিত্তে উপজেলা নির্বাহী অফিসার এর নিকট উপস্থাপন করবে। চূড়ান্ত অনুমোদনের পর উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর নির্বাচিত ঠিকাদারের সাথে ক্রয়চুক্তি সম্পাদন করবেন।

**(ঘ) কাজের তদারকি, গুণগতমান নিয়ন্ত্রণ, পরিমাপ গ্রহণ ও বিল প্রদান :**

১. ক্রয় চুক্তি সম্পাদনের পরে সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলী, দায়িত্বপ্রাপ্ত কারিগরি কর্মকর্তা ও ঠিকাদারগণের সাথে যথাসম্ভব দ্রুত সময়ের মধ্যে ম্যানেজমেন্ট মিটিং করবেন, সাইট বুঝিয়ে দিবেন ও চুক্তিপত্রের আলোকে কাজ বাস্তবায়নের প্রয়োজনীয় নির্দেশনা দিবেন।

২. কাজের গুণগত মান নিয়ন্ত্রণের জন্য ব্যবহারের পূর্বেই এলজিইডি'র জেলা বা কেন্দ্রীয় ল্যাবরেটরিতে নির্মাণ সামগ্রীর যথাযথ টেস্ট সম্পাদন করতে হবে। টেস্ট রিপোর্ট সাইটে যথাস্থানে এবং যথানিয়মে সংশ্লিষ্ট নথিতে সংরক্ষণ করতে হবে। নির্মান কাজের ধারাবাহিক অগ্রগতি উপজেলা প্রকৌশলী উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করবেন। প্রয়োজন মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার মেরামত বা সংস্কার কাজ পরিদর্শন/তদারকি করবেন।

৩. সিডিউল ও স্পেসিফিকেশন অনুযায়ী কাজ বাস্তবায়ন নিশ্চিত করবেন সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলী।

৪. উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা প্রকৌশলী যৌথভাবে আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসাবে দায়িত্ব পালন করবেন। কেবলমাত্র স্পেশিফিকেশন অনুযায়ী সম্পাদিত কাজের বিল পরিশোধ করা যাবে। উপজেলা প্রকৌশলী এতদসংক্রান্ত নথি হিসাবাদি অডিট সংক্রান্ত কার্যাবলী মোকাবিলা করার জন্য তাঁর দপ্তরে সংরক্ষণ করবেন।

৫. কাজ বাস্তবায়নকালে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক; উপপরিচালক, স্থানীয় সরকার এবং নির্বাহী প্রকৌশলী, এলজিইডি সরেজমিনে কাজ পরিদর্শন করে প্রয়োজনীয় দিক-নির্দেশনা দিবেন।

৬. উপজেলা প্রকৌশলী কাজের হালনাগাদ অগ্রগতি ও বিবরণ উপজেলা নির্বাহী অফিসার বরাবর মাসিক ভিত্তিতে উপস্থাপন করবেন এবং নথিতে প্রমাণক রাখবেন।

৭. উপজেলা প্রকৌশলী ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন ই-মেইলে ও ডাকযোগে সংশ্লিষ্ট জেলা নির্বাহী প্রকৌশলীর দপ্তর, জেলা প্রশাসকের কার্যালয় ও অতিরিক্ত প্রধান প্রকৌশলী (রক্ষণাবেক্ষন), এলজিইডি সদর দপ্তর, ঢাকা বরাবর প্রেরণ প্রেরণ করবেন।

৮. উপজেলা নির্বাহী অফিসারগণ অর্থবছর শেষে ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন সংস্কার/মেরামতের তালিকা জেলা প্রশাসকের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করবেন।

## ছক-১

| আগামী অর্থবছরের জন্য রক্ষণাবেক্ষণের চাহিদা ও তালিকা প্রেরণের সময়সূচি | | |
|---|---|---|
| ক্রমিক নং | কার্যাবলী | সময়সূচি |
| ১। | মেরামত/সংস্কারের নিমিত্ত উপজেলা নির্বাহী কর্মকর্তার বরাবরে ইউনিয়ন পরিষদের সভার সিদ্ধান্তসহ আবেদন। | ২৮ ফেব্রুয়ারি এর মধ্যে |
| ২। | সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলী/সহকারী উপজেলা প্রকৌশলী কর্তৃক সরেজমিনে পরিদর্শন শেষে ইউপি কমপ্লেক্স মেরামত/সংরক্ষণের জন্য সম্ভাব্য চাহিদা নিরুপন/প্রাক্কলন প্রস্তুতপূর্বক উপজেলা নির্বাহী অফিসার বরাবর দাখিল করবেন। | ৩০ মার্চ এর মধ্যে |
| ৩। | উপজেলা নির্বাহী অফিসার উপজেলা প্রকৌশলীর সাথে আলোচনাক্রমে বাস্তব অবস্থা বিবেচনায় প্রাপ্ত প্রস্তাব সমূহের মধ্য থেকে অগ্রাধিকার তালিকা প্রস্তুত করবেন এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট প্রেরণ করবেন | ৩০ এপ্রিল এর মধ্যে |
| ৪। | জেলা প্রশাসক তাঁর আওতাধীন বিভিন্ন উপজেলা হতে প্রাপ্ত তালিকাসমূহ স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করবেন। | ৩১ মে এর মধ্যে |
| ৫। | চাহিদা ও বাজেট সংকুলান সাপেক্ষে স্থানীয় সরকার বিভাগ উপজেলা নির্বাহী অফিসার বরাবর বরাদ্দ প্রদান করবেন। | ৩১ আগষ্ট এর মধ্যে |

## ছক-২

| প্রাপ্ত বরাদ্দ অনুযায়ী কার্যক্রমের সম্ভাব্য সময়সূচি | | |
|---|---|---|
| ক্রমিক নং | কার্যাবলী | সময়সূচি |
| ১। | ইউনিয়ন পরিষদ ভবন মেরামতের জন্য উপজেলা নির্বাহী অফিসার বরাবর বরাদ্দ পত্র জারি। | ৩১ আগষ্ট এর মধ্যে |
| ২। | দরপত্র আহবান। | ২০ সেপ্টেম্বর এর মধ্যে |
| ৩। | দরপত্র মূল্যায়ন, অনুমোদন, চুক্তি সম্পাদন। | ৩০ অক্টোবর এর মধ্যে |
| ৪। | কাজ বাস্তবায়ন ও সমাপ্তকরণ। | ৩১ মার্চ এর মধ্যে |
| ৫। | সমাপ্তি প্রতিবেদন স্থানীয় সরকার বিভাগে প্রেরণ | ৩০ এপ্রিল এর মধ্যে |